

## মানব সভ্যতা

এফ. আহমেদ

ভাবো এমন একদিন  
যেদিন সারা পৃথিবী জুড়ে -  
শুধু মনুষ্য তৈরি ইমারত।  
কৃত্রিম সৌন্দর্যে সাজানো -  
পরিপাটি করে চারপাশ।  
কৃত্রিম গাছপালা -  
কৃত্রিম ঝাড়না  
কৃত্রিম পার্কে,  
কৃত্রিম পশুপাখি -  
প্রকৃতি কোথাও নেই!

সেই পৃথিবীর শিশুরা -  
জানে না পৃথিবী কেমন ছিল!  
জানে না গাছের রং,  
পাখির কিচির-মিচির  
ভোরে মোরগের ডাক  
পর্বতের মাথায় মেঘের খেলা  
ধানের ক্ষেতে বাতাসের দোলা  
পাহাড়ের ঝড়নার শব্দ  
নদীর বয়ে চলা সাগরে  
গাছের আড়ালে সূর্যের উঁকি

এমন সভ্যতাই কি আমরা চাই,  
যেখানে পাহাড়ের বদলে  
পর্বতসম ইমারত?  
ভোরে মোরগের ডাকের বদলে  
কারখানার সাইরেন?  
পাখির কিচির-মিচিরের বদলে  
মোটর গাড়ীর গর্জন?  
আকাশে পাখির বদলে  
যুদ্ধ বিমানের উড়ে চলা?  
এমন পৃথিবী আমরা চাই না।।